

পশ্চিম মেদিনীপুর - ঝাড়গ্রাম

আনন্দবাজার পত্রিকা

৩০ জ্যৈষ্ঠ ১৪২৮ সোমবার ১৪ জুন ২০২১

ওয়েবিনার

► **গড়বেতা:** রবিবার বিকেলে 'কোভিড কথা' শীর্ষক ওয়েবিনার হয়ে গেল গড়বেতা কলেজের 'কোভিড ১৯ টাস্ক ফোর্স'র উদ্যোগে। কলেজের মহিলা সেল 'সহেলি' ও আইকোয়াক (ইন্টারন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল) -এর সহযোগিতায় ওই ওয়েবিনারে শিক্ষক, শিক্ষাকর্মী, ছাত্রছাত্রী-সহ প্রায় একশো জন অনলাইনে যোগ দেন। মুখ্য বক্তা ছিলেন কলকাতার ইনস্টিটিউট অফ কেমিক্যাল বায়োলজির মুখ্য বিজ্ঞানী চিকিৎসক পার্থ চক্রবর্তী। কলেজের অধ্যক্ষ হরিপ্রসাদ সরকার বলেন, "কোভিডের দ্বিতীয় ঢেউ নিয়ে অযথা আতঙ্ক দূর করতেই এই উদ্যোগ। সচেতনতার নানা দিক সহজ ভাবে বুঝিয়ে দেওয়া হয়েছে।"